

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ
(NTRCA)
রোড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ,
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.১৮৭

বিষয়: জাল সনদধারীর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: কক্সবাজার জেলার রামু উপজেলার অন্তর্গত জোয়ারিয়ানালা ইউনিয়নের বাসিন্দা এবং জোয়ারিয়ানালা হাজী মোহাম্মদ সাঁচি উচ্চ বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী কর্তৃক এনটিআরসিএ কার্যালয়ে দাখিলকৃত অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁর সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, কক্সবাজার জেলার রামু উপজেলার অন্তর্গত জোয়ারিয়ানালা ইউনিয়নের বাসিন্দা এবং জোয়ারিয়ানালা হাজী মোহাম্মদ সাঁচি উচ্চ বিদ্যালয়ের (ইনডেক্স নং ১০৬৩৭৮) সাবেক শিক্ষার্থী কর্তৃক এ কার্যালয়ে দাখিলকৃত অভিযোগে উল্লেখ রয়েছে যে, বিদ্যালয়টি ১৯৬৭ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর লেখাপড়ার মান ভাল থাকলেও বর্তমানে লেখাপড়ার মান সন্তোষজনক নয়। বিদ্যালয়ের সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) জনাব সাজেদা বেগম এর পাঠদান পদ্ধতি নিম্নমানের হলে এলাকাবাসীর সন্দেহ জাগে। বিশ্বস্ত সূত্রে প্রাপ্ত ডকুমেন্টস পর্যালোচনা করে তারা জানতে পারেন, জনাব সাজেদা বেগম, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) হিসেবে নিয়োগপ্রাপ্ত হলেও তার নিবন্ধন সনদে উল্লেখ আছে সহকারী শিক্ষক (বাংলা)। তাছাড়া বাংলা বিষয়ে ডিগ্রি পর্যায়ে কোন বিষয় (৩০০ নম্বর) তার নাই। সংগত কারণে নিবন্ধন সনদটি ভুয়া বলে তাঁদের কাছে প্রতীয়মান হয়। উল্লেখ্য যে, সামাজিক বিজ্ঞান বিষয়টি ডিগ্রি পর্যায়ে থাকলেও উল্লেখিত বিষয়ে জনাব সাজেদা বেগম এর নিবন্ধন সনদ নাই। তাই সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে তিনি কোন ভাবে নিয়োগ পেতে পারেন না। জনাব সাজেদা বেগম এর ইনডেক্স নম্বর ১১০১৪৭৩, নিবন্ধনের তারিখ ১ জানুয়ারি ২০১৪। ইতঃপূর্বে এই বিষয়ে অনেকবার মৌখিক অভিযোগ করলেও প্রধান শিক্ষকের নির্লিপ্ততায় কোন ব্যবস্থা নেয়া যায় নি। উল্লেখ্য যে এ কর্মকান্ডে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বর্তমানে দুর্নীতি ও অনিয়মের অভিযোগে প্রধান শিক্ষক পদ থেকে অব্যাহতির আবেদন দিয়ে ছুটিতে থাকা) জনাব আজিজুল হক মাস্টার মাইন্ড হিসেবে কাজ করেছেন বলে এলাকায় প্রচার আছে।

০২। বর্ণিতাবস্থায়, জোয়ারিয়ানালা ইউনিয়নের বাসিন্দা এবং জোয়ারিয়ানালা হাজী মোহাম্মদ সাঁচি উচ্চ বিদ্যালয়ের (ইনডেক্স নং ১০৬৩৭৮) সাবেক শিক্ষার্থীদের অভিযোগটি যাচাই পূর্বক জনাব সাজেদা বেগম, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ২১ (একুশ) পাতা।

সকল সংযুক্তিসমূহ:

- (১) অভিযোগপত্র
- (২) সংযুক্তিসমূহ



২৮-০১-২০২৫

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও
প্রত্যয়ন-১)

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.৯৯.০০১.২০.১৮৭/১ (৫)

তারিখ: ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
২৮ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা: রামু, জেলা: কক্সবাজার।
- ৩। জেলা শিক্ষা অফিসার, জেলা: কক্সবাজার।
- ৪। সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
- ৫। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



F. Ahmed

২৮-০১-২০২৫

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও
প্রত্যয়ন-১)